

আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১০৭৭

২৭/ কসম (كتاب الأيمان)

পরিচ্ছেদঃ ২৭/১০. দাসকে তা খাওয়ানো যা সে নিজে খায় এবং তা পরানো যা সে নিজে পরে এবং সাধের অতিরিক্ত কাজ না দেয়া।

إِطْعَامُ الْمَمْلُوكِ مَا يَأْكُلُ وَإِلْبَاسُهُ مَا يَلْبِسُ وَلَا يَكْفُهُ مَا يَغْلِبُهُ

আরবী

حَدِيثُ أَبِي ذَرٍ عَنِ الْمَعْرُورِ، قَالَ: لَقِيْتُ أَبَا ذَرَ بِالرَّيْدَةِ، وَعَلَيْهِ حُلَّةٌ وَعَلَى غُلَامِهِ حُلَّةٌ، فَسَأَلْتُهُ عَنْ ذَلِكَ، فَقَالَ: إِنِّي سَابَبْتُ رَجُلًا فَعَيَّرْتُهُ بِأُمِّهِ، فَقَالَ لِي النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: يَا أَبَا ذَرِ أَعَيَّرْتَهُ بِأُمِّهِ إِنَّكَ أَمْرُوْ فِيكَ جَاهِلِيَّةً، إِخْوَانُكُمْ خَوْلُكُمْ جَعَلَهُمُ اللَّهُ تَحْتَ أَيْدِيْكُمْ، فَمَنْ كَانَ أَخْوُهُ تَحْتَ يَدِهِ فَلْيُطْعِمْهُ مِمَّا يَأْكُلُ، وَلْيُلْبِسْهُ مِمَّا يَلْبِسُ، وَلَا تُكَلِّفُوهُمْ مَا يَغْلِبُهُمْ، فَإِنْ كَلَّفْتُمُوهُمْ فَأَعِنُّوهُمْ

বাংলা

১০৭৭. মার্কার (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি একবার রাবায নামক স্থানে আবু যর (রাঃ)-এর সঙ্গে দেখা করলাম। তখন তাঁর পরনে ছিল এক জোড়া কাপড় (লুঙ্গি ও চাদর) আর তাঁর ভূত্যের পরনে ছিল ঠিক একই ধরনের এক জোড়া কাপড়। আমি তাঁকে এর কারণ জিজ্ঞেস করলে তিনি বললেনঃ একবার আমি এক ব্যক্তিকে গালি দিয়েছিলাম এবং আমি তাকে তার মা সম্পর্কে লজ্জা দিয়েছিলাম। তখন আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে বললেন, আবু যর! তুমি তাকে তার মা সম্পর্কে লজ্জা দিয়েছ? তুমি তো এমন ব্যক্তি, তোমার মধ্যে এখনো অন্ধকার যুগের স্বভাব বিদ্যমান। জেনে রেখো, আমাদের দাস-দাসী আমাদেরই ভাই। আল্লাহ্ তা'আলা তাদের আমাদের অধীনস্থ করে দিয়েছেন। তাই যার ভাই তার অধীনে থাকবে, সে যেন তাকে নিজে যা খায় তাকে তা-ই খাওয়ায় এবং নিজে যা পরিধান করে, তাকেও তা-ই পরায়। তাদের উপর এমন কাজ চাপিয়ে দিও না, যা তাদের জন্য অধিক কষ্টদায়ক। যদি এমন কষ্টকর কাজ করতে দাও, তাহলে তোমরাও তাদের সে কাজে সহযোগিতা করবে।

ফুটনোট

সহীলুল বুখারী, পর্ব ২, অধ্যায় ২২, হাঃ ৩০; মুসলিম, পর্ব ২৭ : কসম, অধ্যায় ১০, হাঃ ১৬৬১

হাদিসের মান: [সহিহ \(Sahih\)](#) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ মারুর ইবনু সুওয়াইদ (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=84305>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন